# ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

৩/সি, নিউ বেইলী রোড, রমনা, ঢাকা।

আস্সালামু আলাইকুম,

সম্মানীত সদস্যবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে,বর্তমান কার্যকরি পরিষদ দায়িত্ব গ্রহনের পর থেকে ১৫/১২/২০২২ইং তারিখ পর্যন্ত সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণী:-

০১. দায়িত্ব গ্রহণের সাথে সাথেই জরুরী ভিত্তিতে করোনা মহামারীর কঠোর লক-ডাউনের মধ্যে এসোসিয়েশনের পক্ষ হতে প্রত্যেক সদস্যকে ৫০,০০০/- টাকার আর্থিক প্রণোদনার চেক দ্রুততম সময়ের মধ্যে হস্তান্তর করা হয়েছে।

০২. বেইলী রোডস্থ প্রধান কার্যালয় সংলগ্ন ৫.৫ কাঠা জমি বিগত কার্যকরী পরিষদ কর্তৃক নির্ধারিত বাজেটে বরাদ্দ টাকা থেকে প্রায় ৫ কোটি সাশ্রয় করে এসোসিয়েশনের নামে জমি ক্রয় কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।

০৩. এসোসিয়েশনের হেল্পডেস্কের মাধ্যমে সম্মানিত সদস্যদের মাসিক ভ্যাট রিটার্ণ জমা দেওয়ার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

০৪. এয়ারপোর্ট, আইসিডি, ডিইপিজেড ও আদমজী ইপিজেড এর এন্ট্রি কৃত বিল অব এন্ট্রির তথ্যাদি সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্ট মালিকদের মোবাইলে SMS এর মাধ্যমে অবহিত করা হচ্ছে।

০৫. এসোসিয়েশনের উদ্যোগে লাইসেন্সিং মডিউল তৈরী করা হয়েছে। উক্ত মডিউলের সফটওয়্যারটি জাতীয় রাজস্ব বোর্ডের সফটওয়্যারের সাথে সংযুক্ত করা হয়েছে। ফলে একজনের পণ্য অন্যজনে নেয়া যেমন রহিত হবে, তেমনি জাল জালিয়াতির বিষয়টি অনেকাংশে রোধ করা সম্ভব হয়েছে।

০৬. ডিইপিজেড সাভার ও আদমজী ইপিজেড-এ এসোসিয়েশনের ব্যবস্থাধীনে এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম কার্যক্রম চালু করা হয়েছে। উক্ত সিস্টেম চালু হওয়ায় সদস্যদের নিকট থেকে বি/ই এর বিপরীতে এসোসিয়েশনের নির্ধারিত সার্ভিস চার্জ আদায় নিশ্চিত করা হয়েছে এবং উক্ত সেবার বিপরীতে আয় প্রায় চার থেকে পাঁচ গুণ বৃদ্ধি পেয়েছে।

০৭. আদমজী ইপিজেডে সদস্যদের দৈনন্দিন দাপ্তরিক কর্মকান্ড সম্পাদনের লক্ষ্যে বেপজা ও শুল্ক কর্তৃপক্ষের সহিত আলোচনাক্রমে শুল্ক ভবনের তৃতীয় তলায় কক্ষ/স্পেস বরাদ্দ নেওয়া হয়। ইতোমধ্যে উক্ত জায়গায় অফিস কক্ষ নির্মাণকাজ সম্পন্ন করে সদস্যদের বসার ব্যবস্থা করা হয়েছে।

০৮. ডিইপিজেড সাভার স্টেশনে সদস্যদের দৈনন্দিন দাপ্তরিক কর্মকান্ড সম্পাদনের লক্ষ্যে বেপজা ও শুল্ক কর্তৃপক্ষের সহিত আলোচনাক্রমে শুল্ক ভবনে এবং ভবন সংলগ্ন জায়গায় কক্ষ/স্পেস বরাদ্দ নেওয়া হয়। ইতোমধ্যে উক্ত জায়গায় অফিস কক্ষ নির্মাণ কাজ সম্পন্ন করে সদস্যদের বসার ব্যবস্থা করা হয়েছে।

০৯. ডিইপিজেড গেট সংলগ্ন টিনসেড সেমিপাকা স্পেসটি বেপজা ও শুল্ক কর্তৃপক্ষের সাথে আলোচনা করে সম্মানীত সদস্য ও তদ্বীয় কাস্টম সরকারদের দৈনন্দিন কর্মকান্ড সম্পাদন করার জন্য আধুনিকায়ন করে কাজের সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করা হয়েছে।

১০. পানগাঁও বন্দরে সদস্যদের দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য বন্দর কর্তৃপক্ষের সাথে আলোচনা করে একটি কক্ষ বরাদ্দ নেয়া হয়েছে এবং সম্মানীত সদস্য ও তদ্বীয় কাস্টম সরকারদের দৈনন্দিন কার্যক্রম পরিচালনার জন্য আধুনিকায়ন করে কাজের সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করা হয়েছে।

১১. পানগাঁও বন্দরে সদস্যদের দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য বন্দর কর্তৃপক্ষের নিকট থেকে ডিসিএএ এর নামে ০৫(পাঁচ) কাঠা জমি বরাদ্দ নেওয়ার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

১২. পানগাঁও ষ্টেশনে কর্মরত সিএন্ডএফ এজেন্টদের সমন্বয়ে উপ-কমিটি গঠন করে ডিসিএএ এর নির্ধারিত চাঁদা আদায় নিশ্চিত করা হয়েছে। বর্তমানে উক্ত স্টেশনে প্রতি মাসে প্রায় ১ লক্ষ ৫০ হাজার থেকে ১ লক্ষ ৮০ হাজার টাকা আয় হচ্ছে এবং দিন দিন উক্ত আয় বৃদ্ধি পাচ্ছে; যা বিগত কার্যকরী পরিষদের সময় বন্ধ ছিল।

১৩. কোন প্রতিষ্ঠানের বিরুদ্ধে অপরাধ প্রমানিত না হওয়া পর্যন্ত উক্ত প্রতিষ্ঠানের AIN Lock করা হবে না মর্মে শুল্ক কর্তৃপক্ষের সাথে অলোচনার মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ।

১৪. ICD কমলাপুর বন্দরের গেট সংলগ্ন সেমিপাকা টিনসেড বিল্ডিংটি ভেঙ্গে প্রি-ফেরিকেটেড ৩য় তলা বিশিষ্ট বিল্ডিং তৈরী করার জন্য রেলওয়ে কর্তৃপক্ষের সাথে আলোচনা চলছে; আশা করছি অতিশিঘ্রই নির্মাণ কাজ শুরু করতে পারবো।

১৫. ফেডারেশনের সাথে ঐক্যবদ্ধ হয়ে লাইসেন্সিং রুলস্ সহ সকল ধরণের হয়রানীমূলক আইন/বিধি সংশোধনের জন্য জাতীয় রাজস্ব বোর্ডের এর সাথে ফলপ্রসূ আলোচনা হয়েছে।

১৬. মাসিক প্রশ্নোত্তর সভার মাধ্যমে সম্মানিত সদস্যবৃন্দের বিভিন্ন সমস্যাবলী উপস্থাপন এবং সমাধানের শ্রবণ করে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হয়েছে, যা বর্তমানেও চলমান আছে।

১৭. DCAA থেকে E-payment, ভ্যাট রিটার্ণসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে এবং এইরূপ কার্যক্রম চলমান থাকবে।

১৮. এসোসিয়েশনের এয়ারপোর্টস্থ C&F ভবনে লিফট স্থাপনের বিষয়ে সিভিল এভিয়েশন কর্তৃপক্ষ অনুমোদন প্রদান করেছেন। ইতোমধ্যে দেশের কয়েকটি স্বনামধন্য প্রতিষ্ঠানের নিকট থেকে লিফট স্থাপনের জন্য কোটেশন সংগ্রহ করা হয়েছে। আশা করছি, অচিরেই উক্ত ভবনে লিফট স্থাপন করা হবে।

১৯. বিমান কার্গো গুদামে ষ্ট্রং রুম ও কোল্ড রুমে মালামাল রক্ষিত না হলেও পণ্যের অতিরিক্ত সংরক্ষণ চার্জ আদায় করা হতো। কিন্তু বর্তমান কার্যকরী পরিষদের বলিষ্ঠ ও সময়োপযোগী হস্তক্ষেপের কারণে উক্ত চার্জ আদায় বন্ধ করা হয়েছে।

২০. সম্মানিত সদস্যদের আর্থিক ভিত্তি সমৃদ্ধ করতে বিশেষ সাধারণ সভার সিদ্ধান্তক্রমে বিল অব এন্ট্রির বিপরীতে সকল প্রকার সার্ভিস চার্জ বৃদ্ধি করা হয়েছে, যা গত ০৭-১১-২০২১ইং তারিখ থেকে কার্যকর করা হয়েছে। ফলে এসোসিয়েশনের আর্থিক ভিত্তি যেমন সমৃদ্ধ হচ্ছে, তেমনি সদস্যবৃন্দও এর সুফল ভোগ করতে পারছেন।

২১. বিশেষ সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক সম্মানিত সদস্যদের মরনোত্তর সম্মানী বৃদ্ধি করে ৬ লক্ষ টাকা করা হয়েছে, যা গত ০৭-১১-২০২১ইং তারিখ থেকে কার্যকর করা হয়েছে।

২২. কাস্টম সরকার ইউনিয়নের সদস্যদের আর্থিক কল্যাণার্থে বি/ই এর বিপরীতে চাঁদার হার বৃদ্ধি করা হয়েছে।

২৩. সিএন্ডএফ এজেন্ট লাইসেন্স এর সাথে সাথে পোর্ট লাইসেন্সও ০৫ বৎসর অন্তর নবায়ন করার ব্যবস্থা করা হয়েছে।

২৪. ঢাকা কাস্টমস হাউজে লাইসেন্স শাখা আধুনিকায়ণ করা হয়েছে। বর্তমানে সিএন্ডএফ এজেন্টদের লাইসেন্স সংক্রান্ত নথিপত্র যথাযথভাবে সংরক্ষণ করা হচ্ছে এবং লাইসেন্সীং কর্তৃপক্ষ সুশৃংখলভাবে কাজ করতে পারছেন।

২৫. এসোসিয়েশনের সালিশী ও টেন্ডার কার্যক্রম যুগোপযোগী এবং গতিশীল করা হয়েছে।

২৬. প্রতি বৎসরের ন্যায় এ বৎসরও এসোসিয়েশনের ২০২২ইং সালের ক্যালেন্ডার ছাপা সম্পন্ন করে সদস্যদের মধ্যে বিতরণ সম্পন্ন করা হয়েছে।

২৭. এসোসিয়েশনের সকল কর্মকান্ড কম্পিউটারাইজড সিস্টেমে পরিচালনার লক্ষ্যে সফট্‌ওয়্যার তৈরীর কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে হিসাব সংক্রান্ত সফটওয়্যার পরীক্ষামূলকভাবে চালু করা হয়েছে।

২৮. সকল ষ্টেশনে কম্পিউটারাইজড মানি রিসিপ্ট এর মাধ্যমে বি/ই থেকে নির্ধারিত ফি আদায় করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ফলে এসোসিয়েশনের নির্ধারিত সার্ভিস চার্জ ব্যতিরেকে বি/ই দাখিল করা হলে তা সহজেই সনাক্ত করা সম্ভব হচ্ছে এবং বকেয়া পাওনা আদায়ে পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।

২৯. এসোসিয়েশনের সম্মানিত সদস্য ও তাদের পরিবারবর্গের হ্রাসকৃত মূল্যে চিকিৎসা সেবাগ্রহণের বিষয়ে ইতোমধ্যে তিনটি এভারকেয়ার, ইবনে সিনা, লুভানা জেনারেল হাসপাতাল কর্তৃপক্ষের সাথে এসোসিয়েশনের নেতৃবৃন্দের চুক্তিপত্র সম্পাদন করা হয়েছে।

৩০. উত্তরাস্থ সেক্টর-০৩, প্লট নং ৪৬, জমির পরিমান ৭.৬৮ কাঠা কমার্শিয়াল প্লট ডিসিএএ এর নামে ক্রয় করার জন্য বায়না চুক্তিপত্র ও বায়না সূত্রে দখল গ্রহণ করা হয়েছে এবং রাজউক কর্তৃক ক্রয় অনুমোদন গ্রহণ করা হয়। অচিরেই সাব-কবলা দলিল সম্পন্ন করে বানিজ্যিক বহুতল ভবন নির্মাণ কার্যক্রম শুরু করা হবে।

৩১. এসোসিয়েশনের বাড্ডাস্থ জমিতে বহুতল ভবন নির্মানের জন্য দরপত্র আহ্বানের মাধ্যমে প্রতিযোগিতামূলক দরের ভিত্তিতে কনসালট্যান্ট নিয়োগ দানের মাধ্যমে নকশা অনুমোদন চূড়ান্ত পর্যায়ে রয়েছে। অনুমোদন পাবার সাথে সাথে আগামী দুই-তিন মাসের মধ্যে ভবন নির্মাণ কাজ শুরু করা হবে।

৩২. ২০১৯ সালের পর থেকে কৃতী শিক্ষার্থী সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়নি বিধায় বর্তমান কার্যকরী পরিষদ ২০২০ইং থেকে ২০২১ইং পর্যন্ত যে সকল সদস্যের সন্তানরা এসএসসি এইচএসসি ও লেভেল এ লেভেল এবং কোরআনে হাফেজে কৃতিত্ব অর্জন করেছে এবং একই সঙ্গে ২০১৩ইং হতে ২০১৯ইং পর্যন্ত যে সকল সদস্যের সন্তান বিগত দিনের অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পারেনি তাদেরসহ সংবর্ধনা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়। এরপরও যদি কোন সদস্যের সন্তান অনুষ্ঠানে অংশগ্রহণ করতে না পারেন তাদের ক্ষেত্রেও পরবর্তী বছরে সংবর্ধনা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩৩. বর্তমানে কাস্টমস্ ও বন্দরে "সমস্যা যেখানে, সমাধান সেখানে" এই প্রতিশ্রুতি বাস্তবায়নে কার্যকরী পরিষদ নিরন্তরভাবে কাজ করে যাচ্ছে।

মোঃ খায়রুল বাশার
সাধারণ সম্পাদক
ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

মোঃ মিজানুর রহমান
সভাপতি
ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন